

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
রামগতি, লক্ষ্মীপুর।  
[www.dae.ramgati.lakshmipur.gov.bd](http://www.dae.ramgati.lakshmipur.gov.bd)

স্মারক নং- ৪৫০

তারিখ: ১৩/০৮/২০২৪খ্রি.

**বিষয়: সংশ্লিষ্ট ব্লক এলাকায় নিয়মিত বিসিআইসি, বিএডিসি, খুচরা সার ও কীটনাশক দোকান ও গুদাম নিয়মিত পরিদর্শন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে চলতি খরিপ-২/২০২৪ আমন মৌসুমে অত্র উপজেলায় ২৩২০০ হে. আমন আবাদ এলাকা হওয়ায় নিরবিচ্ছিন্নভাবে কৃষকগণ যাতে সার ও কীটনাশক হাতের নাগালে পায় উক্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো:-

- ১। নিয়মিত বিসিআইসি, বিএডিসি, খুচরা সার ও কীটনাশক দোকান পরিদর্শন করতে হবে।
- ২। বিআইসি ও বিএডিসি ডিলারের দোকানে দৈনিক মজুদ রেজিস্টার, দৈনিক বিক্রয় রেজিস্টার এ স্বাক্ষর করতে হবে এবং কৃষকগণ/ক্রেতাগণকে সার ও কীটনাশক বিক্রয়ের ক্যাশ মেমো দেওয়া হয় কিনা তা পর্যবেক্ষণ করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট ডিলারের দোকানে লাল সালুতে সারের বিক্রয়মূল্য প্রদর্শনযোগ্য স্থানে প্রদর্শন নিশ্চিত করতে হবে।
- ৪। সার নির্ধারিত মূল্যে বিক্রি নিশ্চিত করতে হবে।

উল্লিখিত বিষয়ে কোনো গরমিল পরিলক্ষিত হলে সাথে সাথে উপজেলা কার্যালয়ে যথারীতি অবহিত করতে হবে।

বি.দ্র. সার সংক্রান্ত বিষয়ে কোনো অবহেলা কারণে সার সংকট সৃষ্টি হলে সংশ্লিষ্ট ব্লকের কর্মকর্তাকে তার দায় ভার বহন করতে হবে।

(বিষয়টি অতীব জরুরী)

প্রতি,

..... উপসহকারী কৃষি কর্মকর্তা,  
ব্লক, ..... ইউনিয়ন.....  
রামগতি, লক্ষ্মীপুর।

  
(আবু সাঈদ তারেক)  
উপজেলা কৃষি অফিসার  
রামগতি, লক্ষ্মীপুর।

স্মারক নং- ৪৫৩/৮(২২)

তারিখ: ১৩/০৮/২০২৪খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, লক্ষ্মীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ৩। কৃষি সম্প্রসারণ অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ৪। অফিস কপি।

  
উপজেলা কৃষি অফিসার  
রামগতি, লক্ষ্মীপুর।